# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৫৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু‘আ

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قُلْنَا يَوْمَ الْخَنْدَقِ: يَا رَسُولَ اللَّهِ هَلْ مِنْ شَيْءٍ نَقُولُهُ؟ فَقَدْ بَلَغَتِ الْقُلُوبُ الْحَنَاجِرَ قَالَ: «نَعَمْ اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِنَا وَآمِنْ رَوْعَاتِنَا» قَالَ: فَضَرَبَ اللَّهُ وُجُوهَ أَعْدَائِهِ بِالرِّيحِ وَهَزَمَ اللَّهُ بِالرِّيحِ. رَوَاهُ أَحْمد

## বাংলা

২৪৫৫-[৪০] আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা খন্দক যুদ্ধের দিন বললাম, হে আল্লাহর রসূল! আমাদেরকে কি কিছু বলবেন? আমাদের প্রাণ তো ওষ্ঠাগত। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হ্যাঁ আছে। তোমরা বল, ’’আল্ল-হুম্মাসতুর ’আওর-তিনা- ওয়া আ-মিন রও’আ-তিনা-’’ (অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমাদেরকে দোষ-ত্রুটিগুলো ঢেকে রাখো, আমাদের ভয়-ভীতি নিরাপত্তায় পরিণত করো। বর্ণনাকারী [আবূ সা’ঈদ আল খুদরী (রাঃ)] বলেন, অতএব আল্লাহ তা’আলা তার শত্রুদের ঝড়-ঝঞ্ঝা হাওয়া দিয়ে দমন করলেন এবং এ ঝড়-ঝঞ্ঝা হাওয়া দিয়েই তাদেরকে পরাজিত করলেন। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ১০৯৯৬, য‘ঈফ আল জামি‘ ৪১১৮। কারণ এর সানাদে রুবাইহ একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আহযা-ব যুদ্ধের দিন মদীনায়, খন্দক খননের কারণ হলোঃ যখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে খবর পৌঁছল যে, মক্কাহ্বাসীরা যুদ্ধে প্রস্ত্ততি নিচ্ছে এবং তারা ‘আরবের মুশরিক ও আহলে কিতাব (ইয়াহূদী-নাসারা)-দের একত্রিত করছে, যাদের মুকাবিলা করার সামর্থ্য মুসলিমদের নেই। অতঃপর সহাবায়ে কিরামগণ পরামর্শ করলেন এবং সালমান আল ফারিসী খন্দক খননের পরামর্শ দিলেন, যা তিনি তার নিজ দেশ থেকে জেনেছেন। আর শত্রুদের ধারণা ছিল যে, তারা (মুসলিমরা) মদীনার চারপাশে তাদের মুকাবিলা করতে পারবে না, বিধায় তারা তাদের স্ত্রী-সন্তানদের ওপর নিরাপত্তা চাইবে। অতঃপর তিনি ও তার সাথীগণ ১০ দিনের

অধিক সময় ধরে খন্দক খনন করলেন। আর তারা সে খননের কাজে দেখতে পেতেন কষ্ট, ক্ষুধা ও অক্ষমতা, আর এজন্যই তারা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলছিলেন, আমাদের কিছু বলবেন? উল্লেখ্য যে, খন্দাকের যুদ্ধ সংঘটিত হয়েছিল ৫ম হিজরীর শাওয়াল মাসে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57015

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন